

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৯৭০

১/ বিবিধ

আরবী

إذا فرغ الرجل من صلاته فقال: رضيت بالله ربا وبالإسلام ديناً، وبالقرآن إماماً، كان  
حقاً على الله عز وجل أن يرضيه  
موضوع

عزاه في " الجامع الكبير " ( 1 / 68 / 1 ) لأبي نصر السجزي في " الإبانة " عن هشام بن  
عروة عن أبيه عن جده رضي الله عنهم وقال: " غريب  
قلت بل هو موضوع، فقد وقفت على إسناده، أخرجه الحافظ عبد الغني المقدسي في  
" الثالث والتسعين " ( 2 / 43 ) من طريق السجزي بسنده عن زيد بن الحريش: حدثنا  
عمرو بن خالد عن أبي عقيل الدورقي عن هشام بن عروة به. قلت: وهذا سند  
موضوع، آفته عمرو بن خالد وهو أبو خالد القرشي، قال أحمد وابن معين وغيرهما: "  
كذاب ". وقال إسحاق بن راهويه وأبو زرعة: " كان يضع الحديث ". ونحوه في "  
المجروحين " ( 2 / 74 - 75 ) لابن حبان. وزيد بن الحريش هو الأهوازي، قال ابن  
القطان: " مجهول الحال

বাংলা

৯৭০। যখন কোন ব্যক্তি তার সালাত শেষ করে বলবেঃ আমি প্রভু হিসাবে আল্লাহর উপর, ধর্ম হিসাবে ইসলামের উপর ও হেদায়েতবাণী হিসাবে কুরআনের উপর সন্তুষ্ট রয়েছি। তখন আল্লাহ কর্তৃক তার উপর সন্তুষ্ট হওয়া অপরিহার্য হয়ে যাবে।

হাদীছটি জাল ।

এটি "আল-জামেউল কাবীর" গ্রন্থে (১/৬৮/১) এবং আবু নাসর আস-সেজয়ী "আল-ইবানাহ" গ্রন্থে হিশাম ইবনু উরওয়াহ হতে তিনি তার পিতা হতে তিনি তার দাদা হতে বর্ণনা করেছেন ।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটি বানোয়াট । তার সনদটি সম্পর্কে আমি অবহিত হয়েছি । হাফিয় আব্দুল গনী আল-মাকদেসী "আছ-ছালেদু ওয়াত তিস'ঈন" (২/৪৩) গ্রন্থে আস-সেজয়ী সূত্রে তার সনদে য়ায়েদ ইবনুল হুরায়েশ হতে তিনি আমর ইবনু খালেদ হতে তিনি আবু আকীল আদ-দাওরাকী হতে তিনি হিশাম ইবনু উরওয়াহ হতে বর্ণনা করেছেন ।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট । তার সমস্যা এই আমর ইবনু খালেদ । তিনি আবু খালেদ আল-কুরাশী । ইমাম আহমাদ, ইবনু মাঈন ও অন্য বিদ্বানগণ তার সম্পর্কে বলেনঃ তিনি মিথ্যুক । ইসহাক ইবনু রাহওয়াহে ও আবু যুর'আহ বলেনঃ তিনি হাদীছ জাল করতেন । অনুরূপ কথা ইবনু হিব্বানের "আল-মাজরুহীন" (২/৭৪-৭৫) গ্রন্থেও এসেছে । আর য়ায়েদ ইবনুল হুরায়েশ তিনি আহওয়াযী । তার সম্পর্কে ইবনুল কাত্তান বলেনঃ তিনি মাজহুলুল হাল ।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71849>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন